# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৫০

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ মানুষের জন্য মুস্তাহাব হলো আল্লাহর কাছে এই কামনা করা যেন তিনি তার বিভিন্ন রকমের গোনাহ ক্ষমা করার মাধ্যমে তার প্রতি মহান আল্লাহ অনুগ্রহ করেন

ذِكْرُ مَا يُسْتَحَبُّ لِلْمَرْءِ أَنْ يَسْأَلَ اللَّهَ جَلَّ وَعَلَا التَّفَضُّلَ عَلَيْهِ بِمَغْفِرَةِ أَنْوَاعِ ذُنُوبِهِ

---

আরবী

950 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ نُمَيْرٍ قَالَ: حَدَّثَنَا مُعَاوِيَةُ بْنُ هِشَامٍ قَالَ: حَدَّثَنَا شَرِيكٌ عَنْ أَبِي إِسْحَاقَ عَنْ أَبِي بُرْدَةَ عَنْ أَبِي مُوسَى قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (اللَّهُمَّ اغْفِرْ لي جدي وهزلي وخطإي وعمدي وكل ذلك عندي)

الراوي : أَبُو مُوسَى | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 950 | خلاصة حكم المحدث:. حسن.

বাংলা

৯৫০. আবূ মুসা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলতেন, “اللَّهُمَّ اغْفِرْ لي جدي وهزلي وخطإي وعمدي وكل ذلك عندي (হে আল্লাহ, আপনি আমার ঐকান্তিক পাপ, হাসি-ঠাট্টার ছলে পাপ, অনিচ্ছাকৃত পাপ, ইচ্ছাকৃত পাপ এবং আমার প্রতিটি পাপ ক্ষমা করে দিন।)[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/৪১৭; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/২৮১; সহীহ আল বুখারী: ৬৩৯৯; আদাবুল মুফরাদ: ৬৮৯।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ২৯৪৪ ।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ মূসা আল- আশ'আরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89455

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন